তারিখ ··· 23 JUL 1996
পৃষ্ঠা - ৮ - কলাম - ১ -

দৈনিক সংবাদ

# একটি ব্যতিক্রমী স্কুল

(নিজস্ব বার্তা প্রতিবেদক)

চট্টগ্রাম ঃ শিক্ষার বিনিময়ে শিক্ষকদের বেতন দিতে হচ্ছে না, উল্টো ছাত্র–ছাত্রীরা বেতন পাচ্ছে। সারাদেশে এ রকম ব্যতি–ক্রমধর্মী স্কুল প্রতিষ্ঠা করার উদ্যোগ নিয়েছে বেসরকারি সাহায্য সংস্থা 'কারি–তাস'।

সম্প্রতি ফটিকছড়ি থানার কোঠেরপাড়া গ্রামে 'কারিতাস' একটি মোবাইল ট্রেড স্কুল প্রতিষ্ঠা করেছে। এ স্কুলে ২৪ জন যুবককে ইঞ্জিনিয়ারিং ও ওয়েল্ডিং এবং ২৪ জন যুবতীকে সেলাই ও কুটির শিল্পের ওপর প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এখানে প্রশিক্ষণরত ছাত্র–ছাত্রীদের প্রতিদিন ১০ টাকা করে প্রতি মাসে ২শ' ৫০ টাকা ভাতা দেয়া হবে। মোবাইল ট্রেড স্কুলের এ প্রশিক্ষণের সময়সীমা ৬ মাস। ফটিকছড়ি থানার কোঠেরপাড় বৌদ্ধ পলিটোলের উদ্যোগে স্থানীয় ত্রিরত্নার বিহার প্রাঙ্গণে সম্প্রতি এ রকম একটি মোবাইল ট্রেড স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পাঁচকড়ি বড়ুয়া। এতে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার নাজমুল হক, বিশেষ অতিথি সাংবাদিক বিমলেন্দু বড়ুয়া, অঞ্জন কুমার সেন, জুবায়ের সিদ্দিকী এবং অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এডভোকেট শ্যামল বড়ুয়া ও কাঞ্চন বড়ুয়া।